

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫৯৯  
কুমারঘাট, ১ জুলাই, ২০২৪

দক্ষিণ মাছমারা ভিলেজে প্রশাসনিক শিবির

কুমারঘাট মহকুমার দক্ষিণ মাছমারা ভিলেজ কার্যালয়ে গত ২৯ জুন প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে শিবিরে বিভিন্ন পরিষেবার সুবিধা পৌঁছে দেওয়া ছাড়াও স্থানীয় রিয়াং জনজাতিদের আর্থ সামাজিক মান উন্নয়নে কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্প ও পরিষেবা নিয়ে গ্রামবাসীদের সাথে মতবিনিময় করা হয়। শিবিরে মহকুমা শাসক এন এস চাকমা প্রধানমন্ত্রী জনমন প্রকল্পে রিয়াং জনজাতিদের আর্থ সামাজিক মান উন্নয়নে ১১টি কর্মসূচির বিষয়গুলি নিয়ে আলোচনা করেন। শিবিরে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের আধিকারিক জানান, পৈঁচারথল ব্লকে জল জীবন মিশনে বাড়ি বাড়ি পানীয়জল পৌঁছে দেওয়ার কাজ চলতি বছরে সম্পন্ন হবে। ইতিমধ্যেই ব্লকের রিয়াং জনজাতি অধ্যুষিত এলাকা রামদুলা পাড়ায় ৬৪ শতাংশ বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে।

শিবিরে মহকুমা প্রশাসন থেকে ২৭টি পিআরটিসি, ৩৩টি এসটি ও ১টি ওবিসি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। তাছাড়া শিবিরে ২৭ জনকে ইনকাম ও ৭৭টি পরিবারকে আরওআর সার্টিফিকেট দেওয়া হয় এবং ৩১ জনের আয়ুস্মান কার্ড ও ৩০ জনের আধার কার্ডের আবেদনপত্র অনলাইনে পূরণ করা হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে ২৯ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষুধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ২১ পরিবারের ২৮৪টি প্রাণীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষুধ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*